রাজস্বের প্রবৃদ্ধি

ভ্যাট সংক্রান্ত যেকোনো জিজ্ঞাসায় কল করুন 16555 VAT ONLINE

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ)
আইডিইবি ভবন (৪র্থ ও ৫ম তলা), ১৬০/এ, কাকরাইল, ঢাকা।
ওয়েবসাইট: www.cevdsc.gov.bd

টেকসই সমৃদ্ধি

বাহক
মারফত/ ই-মেইল যোগে

নথি নং-৪(৬)১৩৪-বাস্তঃ/এ্যাডভ্যান্স ফ্ল্যাক্সেপ্যাক ইন্ডাস্ট্রিজ/মূসক অব্যাহতি/২০২২/ তারিখ: /১২/২০২২ খ্রি.।

## আদেশ

অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ (মূল্য সংযোজন কর) এর প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৮৮-আইন/২০১৯/৪৫-মূসক, তারিখ: ১৩/০৬/২০১৯ খ্রি. এবং জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯, তারিখ: ২৬/০৯/২০১৯ খ্রি. অনুযায়ী এ্যাডভ্যান্স ফ্ল্যাক্সেপ্যাক ইন্ডাস্ট্রিজ, শিয়াচর, ফতুল্লা, নারায়ণগঞ্জ-১৪২০ (মূসক নিবন্ধন নম্বর-০০০৬৪৪২৯৯-০২০৪) নামক প্রতিষ্ঠানটি ১০০% রপ্তানীকারক শিল্প প্রতিষ্ঠান হিসেবে রপ্তানি কাজে ব্যবহৃত বিদ্যুৎ বিলের উপর নির্ধারিত হারে মূল্য সংযোজন কর (মূসক) অব্যাহতি চেয়ে ০৪/১২/২০২২ খ্রি. তারিখে অত্র দপ্তরে আবেদন করেন।

২। অভ্যন্তরীণ সম্পদ বিভাগ (মূল্য সংযোজন কর) এর সংশ্লিষ্ট প্রজ্ঞাপন ও জাতীয় রাজস্ব বোর্ডের সংশ্লিষ্ট সাধারণ আদেশ অনুযায়ী আবেদনপত্রে বর্ণিত বিষয়টি বিবেচনাযোগ্য কি-না তা সরেজমিনে পরিদর্শনপূর্বক সুনির্দিষ্ট মতামত সম্বলিত তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য সমনথির স্মারক নং-৮২৬(১-৪), তারিখ: ০৭/১২/২০২২ খ্রি. মূলে একটি তদন্ত কমিটি গঠন করা হয়।

৩। তদন্ত কমিটি গত ১৩/১২/২০২২ খ্রিঃ তারিখ আলোচ্য প্রতিষ্ঠান সরেজমিনে পরিদর্শন করেন এবং ১৮/১২/২০২২ খ্রি. তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, প্রতিষ্ঠান কর্তৃপক্ষ ২০১৭-২০১৮ অর্থবছর হতে ২০২২-২০২৩ অর্থবছরের অক্টোবর,২০২২ করমেয়াদ পর্যন্ত উৎসে মূসক বাবদ ৮,৫৬,৩৯৮/- (আট লক্ষ ছাপান্ন হাজার তিনশত আটানব্বই) টাকা সরকারী কোষাগারে জমা প্রদান করেছে এবং প্রতিষ্ঠানটি নিয়মিত দাখিলপত্র দাখিল করেন। তদন্ত কমিটি উল্লিখিত টেবিল এ বর্ণিত বিদ্যুৎ বিলের উপর, অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ (মূল্য সংযোজন কর) এর প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৮৮-আইন/২০১৯/৪৫-মূসক, তারিখ-১৩/০৬/২০১৯ খ্রি. এবং জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯, তারিখ: ২৬/০৯/২০১৯ খ্রি. অনুযায়ী নির্ধারিত হারে অব্যাহতি দেয়া যেতে পারে মর্মে অভিমত প্রদান করেছেন।

৪। তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে প্রদত্ত মতামতের ভিত্তিতে এবং সংশ্লিষ্ট প্রজ্ঞাপন ও আদেশ অনুযায়ী এ্যাডভ্যান্স ফ্ল্যাক্সেপ্যাক ইন্ডাস্ট্রিজ, শিয়াচর, ফতুল্লা, নারায়ণগঞ্জ-১৪২০ (মূসক নিবন্ধন নম্বর-০০০৬৪৪২৯৯-০২০৪) নামক প্রতিষ্ঠানের অনুকূলে নিম্নোক্ত টেবিলে বর্ণিত সেবার ক্ষেত্রে প্রযোজ্য মূল্য সংযোজন কর (মূসক) অনুচ্ছেদ-০৪ এ বর্ণিত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করা হলো:-

টেবিল-১

| শিরোনামা সংখ্যা | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | পণ্যের বিবরণ | মিটার নম্বর | গ্রাহক সংকেত নম্বর | মূল্য সংযোজন কর (মূসক) অব্যাহতির হার |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| এস০৫৭ | এস০৫৭.০০ | বিদ্যুৎ বিতরণকারী | DHK ৫৮২৭৬ | ২৪৬৮২১৫০ | ১০০% |

৫। শর্তসমূহঃ

ক. মূসক অব্যাহতির সুবিধাভোগী প্রতিষ্ঠান প্রতি কর মেয়াদের মূসক দাখিলপত্রের (ফরম মূসক-৯.১) সাথে এইরূপে অব্যাহতি প্রদত্ত মূসক সংশ্লিষ্ট তথ্য পরিশিষ্ট-ক এ বর্ণিত ছকে বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসনের প্রমাণপত্র Proceeds Realization Certificate (PRC) সহ কর মেয়াদ পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে প্রেরণ করবে;

খ. স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় প্রতি মাসে এইরূপ সুবিধাভোগী প্রতিষ্ঠান সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯, তাং- ২৬/০৯/২০১৯খ্রি. এর পরিশিষ্ট-খ এ বর্ণিত ছকে মূল্য সংযোজন কর, বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবেন;

গ. বিভাগীয় কর্মকর্তা, মূল্য সংযোজন কর, উক্তরূপ মূসক অব্যাহতি সুবিধাভোগী প্রতিষ্ঠানের ক্ষেত্রে তথ্য যাচাইপূর্বক বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসন বিষয়ে বা অন্য কোন বিষয়ে অসামঞ্জস্যতা পেলে উক্ত অসামঞ্জস্যতা এর বিষয়ে কারণ দর্শানো নোটিশ ও যথাযথ শুনানীর সুযোগ প্রদানপূর্বক প্রযোজ্য ক্ষেত্রে কমিশনারের নিকট অব্যাহতির সুবিধা বাতিলের সুপারিশ করলে কমিশনার প্রয়োজনে শুনানী গ্রহণপূর্বক তা বাতিল করতে পারবেন;

ঘ. টেবিলে বর্ণিত সেবার ক্ষেত্রে বা অত্র আদেশে বর্ণিত কোন শর্তের ব্যত্যয় ঘটলে এ দপ্তরকে অবিলম্বে তা অবহিত করে সংশোধনী আদেশ গ্রহণ করতে হবে;

ঙ. এ আদেশ ডিসেম্বর, ২০২২ খ্রিঃ মাসের বিল হতে কার্যকর হবে এবং বিদ্যুৎ সরবরাহকারী মিটার অপরিবর্তীত থাকা পর্যন্ত বলবৎ থাকবে এবং

চ. টেবিলে বর্ণিত বিদ্যুৎ মিটার কোন কারণে পরিবর্তীত হলে সাথে সাথে তা অত্র দপ্তরকে অবহিত করতে হবে।

স্বাঃ

[ শওকত আলী সাদী ]
কমিশনার (চ. দা.)
ফোন ঃ ০২-৫৮৩১৫৯৬৪
ই-মেইল ঃ cevdhksouth@yahoo.com

নথি নং-৪(৬)১৩৪-বাস্তঃ/এ্যাডভ্যান্স ফ্ল্যাক্সেপ্যাক ইন্ডাস্ট্রিজ/মূসক অব্যাহতি/২০২২/ ৮৫৭(১-৮) তারিখ:২২/১২/২০২২ খ্রি.।

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ৩২, তোপখানা রোড, চট্টগ্রাম সমিতি ভবন, ঢাকা।
২. বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট, নারায়ণগঞ্জ বিভাগ। জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯, তারিখ-২৬/০৯/২০১৯ খ্রিঃ এর অনুচ্ছেদ নং-৩, ৪ ও ৫ মোতাবেক কার্যক্রম গ্রহণের জন্য এবং নির্দেশ অনুযায়ী প্রতি মাসের একটি সমন্বিত প্রতিবেদন পরবর্তী মাসের ১৫ (পনের) তারিখের মধ্যে এ দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। একই সাথে প্রতিষ্ঠানটির কার্যক্রমের প্রতি বিশেষ নজর রাখার জন্য বলা হলো। এই আদেশের পরিপন্থি কোন ঘটনা সংগঠিত হলে তিনি দায়বদ্ধ থাকবেন।
৩. দ্বিতীয় সচিব (মূসক পরিঃ ও প্রত্যর্পণ), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৪. রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, ফতুল্লা সার্কেল। তাঁকে প্রতিষ্ঠানটির রপ্তানী কার্যক্রম মনিটরিং করে প্রতিবেদন যথাসময়ে বিভাগীয় দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। প্রয়োজনীয় মনিটরিং এর ব্যর্থতার জন্য রাজস্ব কর্মকর্তা ও এলাকা কর্মকর্তা দায়ী থাকবেন।
৫. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোং লিঃ, প্রধান কার্যালয়, বিদ্যুৎ ভবন, ১ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
৬. নির্বাহী প্রকৌশলী, নেটওয়ার্ক অপারেশন ও কাস্টমার সার্ভিস, ফতুল্লা, ডিপিডিসি, নারায়ণগঞ্জ।
৭. সহকারী প্রোগ্রামার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট ঢাকা (দক্ষিণ), ঢাকা (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, এ্যাডভ্যান্স ফ্ল্যাক্সেপ্যাক ইন্ডাস্ট্রিজ, শিয়াচর, ফতুল্লা, নারায়ণগঞ্জ-১৪২০ (মূসক নিবন্ধন নম্বর-০০০৬৪৪২৯৯-০২০৪)।

22.12.22

[ মোঃ শহিদুজ্জামান সরকার ]
উপ কমিশনার